


শিক্ষক সমিতির ১৪ দফা মেনে নেয়ার আহ্বান

যাযাদি রিপোর্ট

শিক্ষা জাতীয়করণ ও স্বতন্ত্র উচ্চতর বেতন স্কেল প্রদান এবং ১৯৯৫ সালের জনবল কাঠামোসহ সব শিক্ষা বিরোধী প্রচাপন ব্যতিক্রমসহ ১৪ দফা দাবি বাস্তবায়ন করতে সরকারের প্রতি আহ্বান, জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি (বাণার-মতিয়ার) নেতৃবৃন্দ। গতকাল বিকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে নেতারা বলেন, শিক্ষক নিয়োগে ১৯৯৫ সালের জনবল কাঠামোসহ সম্প্রতি কয়েকটি প্রচাপন এবং শিক্ষক মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরের পরিকল্পিত বড়মন্ত্রে থমকে গেছে শিক্ষক নিয়োগ। ফলে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো প্রাইভেট প্রতিষ্ঠানে পরিণত হচ্ছে। ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম। তারা বলেন, শিক্ষকরা ১০০ টাকা বাড়ি ভাড়া পান, কিন্তু জাতীয় স্কেল অনুযায়ী মেডিক্যাল, ইনফ্রিমেন্ট ও উৎসব ভাড়া পান না। এজন্য স্বতন্ত্র উচ্চতর বেতন স্কেল প্রণয়নের দাবি জানান তারা। এসব দাবি অবিলম্বে বাস্তবায়ন না হলে বড় ধরনের আন্দোলনে যাওয়ার কথাও বলেন নেতারা।

সংবাদ সম্মেলনে সমিতির মহাসচিব মোহাম্মদ মতিয়ার রহমান, অতিরিক্ত মহাসচিব মোহাম্মদ আবুল কাশেম খান, সভাপতি মোঃ আবুল বাশার হাওলাদারসহ সমিতির নেতারা উপস্থিত ছিলেন।



সংবাদ সম্মেলনে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা

- যাযাদি